চুয়াডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড বিতরন

চুয়াডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড বিতরণ করা হয়েছে। এ উপলক্ষে শনিবার সকাল সাড়ে ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করে চুয়াডাঙ্গা সদর উপজেলা ও মুক্তিযোদ্ধা কমান্ড।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের হাতে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড তুলে দেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগ চুয়াডাঙ্গা জেলা শাখার যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। অনুষ্ঠানে জেলার ১০৩ জন বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড বিতরণ করা হয়।

এছাড়া মারা যাওয়া ১৫৭ জন মুক্তিযোদ্ধার পরিবারের সদস্যদের হাতে শুধুমাত্র ডিজিটাল সার্টিফিকেট তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, অনেক দেরিতে হলেও আমরা ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ড হাতে পেলাম। আওয়ামী লীগ ক্ষমতায় আছে বলেই এটা সম্ভব হয়েছে।

যুব সমাজের অবক্ষয় রোধে

খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে -বিচারপতি আবু জাফর সিদ্দিকী

যুব সমাজের অবক্ষয় রোধে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার আপীল বিভাগের সরকারী কৌশুলী মোঃ আবু জাফর সিদ্দিকী।

লেখাপড়াকে অগ্রাধিকার দিয়ে খেলাধুলায় মনোযোগী হওয়ার কথাও উল্লেখ করেন তিনি। তাই যুব সমাজকে খেলাধুলায় আগ্রহী করতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এগিয়ে আসারও আহ্বান জানান তিনি।

গত শুক্রবার বিকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের আটিগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে ইউনিয়ন পরিষদ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিচারপতি এসব কথা বলেন।

এ সময় তিনি আরও বলেন, যুব সমাজের অবক্ষয় রোধে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। খেলাধুলার মাধ্যমে শরীরিক ও মানসিক বিকাশ ঘটে। লেখাপড়াকে অগ্রাধিকার দিয়ে খেলাধুলার প্রতি সকলের মনোযোগী হওয়া প্রয়োজন। খেলাধুলা একজন খেলোয়াড়কে শৃঙ্খলা রক্ষায় অভ্যস্থ করে তুলে।

খেলার মাধ্যমে ভাল খেলোয়াড় তৈরি হলে তারা দেশে বিদেশে সুনাম বয়ে আনতে পারবে। তাই লেখাপড়ার পাশাপাশি নতুন প্রজন্মকে খেলাধুলার প্রতি মনোযোগী হতে হবে। অনুষ্ঠানের বিশেষ অতিথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ কে এম টিপু সুলতান তার বক্তব্যে বলেন, অপসংস্কৃতি সমাজকে গ্রাস করছে।

এর থেকে যুব সমাজকে বের করে মাঠে টেনে আনতে হবে। তিনি আরও বলেন, একটি সুস্থ জাতি দেশের উন্নয়নের অন্যতম নিয়ামক। সুস্থতা রক্ষায় খেলাধুলা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই শিক্ষার্থীসহ যুব সমাজকে খেলাধুলার প্রতি আগ্রহী করে গড়ে তুলতে হবে। এ জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে।

ছাতিয়ান ইউনিন পরিষদের চেয়ারম্যান কবির হোসেন বিশ্বাসের পরিচালনায় বিশেষ অতিথি হিসিবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক, মিরপুর উপজেলা নির্বাহী অফিসার আব্দুল কাদের,সহকারী কমিশনার হারুন অর রশিদ, দিশার নির্বাহী পরিচালক রবিউল ইসলাম প্রমুখ। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

বয়লার মেশিনের ওপর থেকে পড়ে শ্রমিকের মৃত্যু

কুষ্টিয়ায় বয়লার মেশিনের ওপর থেকে পড়ে নাইম হোসেন (১৮) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। শনিবার সকালে কবুরহাট ব্যাপারী এগ্রো ফুড অটো রাইস মিলে এ ঘটনা ঘটে।

নিহত নাইম রাজশাহীর পুটিয়া উপজেলার সৈয়দপুর গ্রামের শহিদ ফকিরের ছেলে। তিনি কবুরহাট বাজার এলাকায় ভাড়া থেকে ওই রাইস মিলের সহকারী হিসেবে কাজ করতেন।

মিল সূত্রে জানা যায়, নাইট ডিউটিতে রাইস মিলের সহকারী হিসেবে কাজ করছিলেন নাইম। সকালে মিলের বয়লার মেশিনে পানি শেষ হয়ে যায়। পানি দিতে সিঁড়ি বেয়ে দ্বিতীয় তলায় উঠতে গিয়ে পা পিছলে নিচে পড়ে মারা যান নাইম।

খবর পেয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে। কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেলোয়ার হোসেন খান বলেন, রাইস মিলের বয়লার মেশিনের পানি শেষ হওয়ায় পাম্প চালু করতে গেলে নিচে পড়ে মারা যায় নাইম।

তবে এ বিষয়ে স্বজনদের কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই পরিবারের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে উৎপাদিত হচ্ছে আজোয়াসহ নানা জাতের খেজুর

মধ্যপ্রাচ্যের মরুভূমির আজোয়া, আম্বার, লুলু, খালাস, ডেগলেটনুর, কালমি, মাকতুম, সুক্কারি, বাহারি ও মরিয়ামসহ ১০টি জাতের খেজুর উৎপাদনের আশার আলো দেখছেন কুষ্টিয়া ধান গবেষণা ইনস্টিটিউটের কৃষি বিজ্ঞানীরা।

স্বাধীনতার সূতিকাগার মুজিবনগরে কমপ্লেক্সের মধ্যে পরীক্ষামুলক এই ১০ টি জাতের খেজুরের চাষ করে এখন কৃষি বিজ্ঞানীরা সফলতার পথে।

ইতোমধ্যে এই খেজুর গাছ গুলোতে থোকায় থোকায় লাল, হলুদ আর সবুজ বর্ণের খেজুরের সামাহার।

কৃষি বিজ্ঞানীরা প্রাথমিকভাবে সফলতায় থাকলেও এখনও এটি গবেষণা পর্যায়ে আছে বলে জানালেন কুষ্টিয়া ধান গবেষণা ইনিস্টিউটের কৃষিবিদ ড. মাহবুব।

তিনি বলেন, মাঠ পর্যায়ে কৃষকদের মাঝে খেজুর গাছের চাষ ছড়িয়ে দিতে কাজ করছে কৃষি বিভাগ। এটি সফল হলে কৃষকদের মাঝে ছড়িয়ে দেয়া হবে। সংরক্ষণের জন্য প্রয়োজন দীর্ঘমেয়াদি গবেষণা। এ অঞ্চলে সরকারিভাবে খেজুর গবেষণা কেন্দ্র স্থাপন দরকার, মতামত দেন এই কৃষি বিজ্ঞানী।

কুষ্টিয়া ধান গবেষণা ইন্সটিটিউটের বিজ্ঞানী ড. মোহাম্মদ শহিদুল্লাহ প্রথম ২০১৪ সালে দুবাই থেকে ১০ জাতের খেজুরের বীজ নিয়ে আসেন।

আজওয়া, আম্বার, মরিয়মসহ ১০টি জাতের খেজুর বীজ কুষ্টিয়া ধান গবেষণা ইন্সটিটিউটের মধ্যে রোপন করেন। পরে চারা উৎপাদন হয়।

এসময়ের মধ্যে কৃষি বিজ্ঞানীরা সৌদির মরুভূমির সাথে মিল রেখে শুস্ক আবহাওয়া ও অনুকুল মাটির খোঁজ করতে থাকেন। অবশেষে মাটির গুনাগুন পরীক্ষা করে মুজিবনগরকে বাছাই করা হয়।

‘মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প’র আওতায় মুজিবনগর মুক্তিযুদ্ধ কমপ্লেক্স চত্বরে ২০১৪ সালে প্রায় আড়াই হাজার গাছ লাগানো হয় ।

গাছ রোপনের পর বিগত চার বছর নিবীড় পরিচর্জা করে কৃষি বিভাগ। ইতোমধ্যে এসব গাছে ধরছে ফল। সৌদির খেজুর মেহেরপুরে চাষ হওয়াই খুশি স্থানীয়রা।

এই প্রকল্পে দায়ীত্বরত কুষ্টিয়া ধান গবেষণা ইনস্টিটিউটের ড. মাহবুব বলেন, এ অঞ্চলটা বাংলাদেশের সবচেয়ে শুষ্ক অঞ্চল।

এখানে তাপ বেশি থাকে যার কারণে মধ্য প্রাচ্যের আবহাওয়ার সাথে অনেকটা মিল রয়েছে। এজন্য খেজুর গবেষণার জন্য এই এলাকাকে নির্বাচন করা হয়েছে।

তিনি বলেন, এটা সফল গবেষণা। বাংলাদেশে এটার চাষাবাদ সম্ভব। এখন প্রয়োজন একটা রিসার্চ সেন্টার গড়ে তোলা।

সরেজমিনে দেখা গেছে, খেজুর গাছে থোকায় থোকায় খেজুর ঝুলছে। কোনো গাছে সবুজ ও হলুদ আবার কোনোটিতে লালচে রঙের। খেজুরের স্বাদ, গন্ধ ও মানও বেশ ভাল।

সংশ্লিষ্টরা মনে করেন, সারাদেশে এই খেজুর উৎপাদন করা সম্ভব হলে আমদানি নির্ভরতা অনেকটা কমে আসবে। এছাড়া সহজে পূরণ হবে পুষ্টির চাহিদা।

দশ দিনের ধর্মঘটে বেতন বাড়ল ২৫ টাকা

১৪৫ টাকা মজুরির আশ্বাসে ধর্মঘট প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন চা শ্রমিক নেতারা। শ্রম অধিপ্তর ও সরকারের সঙ্গে বৈঠকের পর এ কথা জানান তারা। তবে সাধারণ শ্রমিকরা এর সঙ্গে দ্বিমত প্রকাশ করেছেন।

শনিবার বিকালে মৌলভীবাজারের শ্রীমঙ্গলের বিভাগীয় শ্রম দপ্তরের

কার্যালয়ে বৈঠকের পর চা শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নৃপেন পাল বলেন, প্রধানমন্ত্রীর আশ্বাসে আমরা ধর্মঘট প্রত্যাহার করছি। আমাদের মজুরি ২৫ টাকা বাড়িয়ে ১৪৫ টাকা করা হয়েছে। এ ছাড়া প্রধানমন্ত্রী ভারত সফর থেকে এসে আমাদের সঙ্গে বসবেন বলে জানিয়েছেন। সেখানে আমাদের দাবি-দাওয়া তাকে জানানো হবে। তাই তার আশ্বাসে আমরা আপাতত ধর্মঘট প্রত্যাহার করছি।

রোববার থেকে সব শ্রমিক কাজে যোগ দেবে বলেও জানান তিনি।

এর আগে শনিবার দুপুর ১২টা থেকে ২টা পর্যন্ত ৩০০ টাকা মজুরির দাবিতে চা শ্রমিকরা সিলেট বিমানবন্দর সড়ক অবরোধ করে রাখেন। গত ১৩ আগস্ট থেকে দুদিন ২ ঘণ্টার কর্মবিরতি দিয়ে আন্দোলন করছিলেন চা শ্রমিকরা। দাবি না মানায় এরপর তারা পূর্ণ দিবস কর্মবিরতিতে যান।

একই ভাবে মৌলভীবাজারেও চা শ্রমিকরা সড়ক অবরোধ করেন। উদ্ভূত পরিস্থিতিতে শ্রম অধিদপ্তরের মহাপরিচালক শ্রমিক নেতাদের নিয়ে বৈঠকে বসেন। বৈঠক থেকে ১৪৫ টাকা মজুরি মেনে নিয়ে অবরোধ প্রত্যাহারের ঘোষণা দেন চা শ্রমিক নেতারা।

এদিকে নেতাদের এই সিদ্ধান্তের পর শ্রম দপ্তরের সামনেই বিক্ষোভ শুরু করেন সাধারণ শ্রমিকরা। তারা ৩০০ টাকা মজুরির দাবিতে স্লোগান দিতে থাকেন। দাবি আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট চালিয়ে যাওয়ার কথাও জানান তারা।

এ সময় সমিতির নেতাদের প্রতিও ক্ষোভ প্রকাশ করেন সাধারণ শ্রমিকরা।

বঙ্গোপসাগরে ৪শ জেলেসহ ৪১ ট্রলার নিখোঁজ

বরগুনার পাথরঘাটা থেকে দক্ষিণ বঙ্গোপসাগরে মাছ ধরতে যাওয়া ৪শ জেলেসহ ৪১টি ট্রলার নিখোঁজ রয়েছে বলে জানা গেছে।

এদিকে নিম্নচাপের কারণে বৃহস্পতিবার থেকে সাগর উত্তাল থাকায় বেশ কিছু ট্রলার ডুবির ঘটনা ঘটেছে।

শনিবার (২০ আগস্ট) দুপুর দেড়টার দিকে নিখোঁজ ট্রলার মালিকদের বরাত দিয়ে বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সাধারণ সম্পাদক মো. মাসুম মিয়া এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে শুক্রবার সকাল ৯টার দিকে বরগুনার পাথরঘাটা পৌর শহরের ৯ নম্বর ওয়ার্ডের সুজন হাওলাদারের মালিকানাধীন এফবি হাওলাদার নামের একটি ট্রলার ডুবির ঘটনা ঘটলেও তাদের ১৭ জেলেকে অন্য একটি ট্রলার উদ্ধার করে পাথরঘাটা বিএফডিসি ঘাটে নিয়ে এসেছে।

মো. মাসুম মিয়া জানান, কয়েকদিন আগে একটি নিম্নচাপ শেষ হয়েছে। এর পরেই উপকূলের জেলেরা তাদের ট্রলারে রসদ নিয়ে মাছ ধরার জন্য গভীর সমুদ্রে যায়। এদিকে আবারও নিম্নচাপ শুরু হলে সাগর উত্তাল হয়ে পড়ায় গত বৃহস্পতিবার থেকে এ পর্যন্ত বিভিন্ন উপজেলার কয়েকটি ট্রলার ডুবির ঘটনা ঘটেছে। এখন পর্যন্ত পাথরঘাটা উপজেলায় ৪১টি এবং মহিপুরে আরও ১১টি মাছ ধরা ট্রলার নিখোঁজ রয়েছে। এছাড়া এফবি হাওলাদার ট্রলারটি ডুবে গেলেও তাদের জেলেদের উদ্ধার করা হয়েছে।

তিনি আরও জানান, ৪১টি ট্রলারের কোনো খোঁজ না পেয়ে সঙ্গে সঙ্গে কোস্টগার্ডসহ সরকারি দপ্তরগুলোকে জানানো হয়েছে। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির পক্ষ থেকে জেলেদের সন্ধানে বেশ কয়েকটি ট্রলার উদ্ধার অভিযানে কাজ করে যাচ্ছে। তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে জেলেসহ ট্রলারগুলো সাগরে ডুবে যেতে পারে।

বরগুনা জেলা ফিশিং ট্রলার শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. দুলাল মাস্টার বলেন, হঠাৎ করে নিম্নচাপ শুরু হলে এফবি হাওলাদার নামের একটি ট্রলার ডুবির ঘটনা ঘটে। পাথরঘাটা আনছার খানের মালিকানাধীন ট্রলারের মাঝি ইসমাইল হোসেন ডুবে যাওয়া ট্রলারের জেলেদের ভাসতে দেখে উদ্ধার করে নিয়ে এসেছে। উদ্ধারকৃত জেলেরা সুস্থ আছেন। তবে এখন পর্যন্ত ডুবে যাওয়া সেই ট্রলারের সন্ধান পাওয়া যায়নি। হঠাৎ করে প্রচণ্ড ঝড় শুরু হওয়ার পর ওই ট্রলারগুলো নিখোঁজ হয়। এ কারণে ট্রলারগুলো ডুবে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

কোস্টগার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কেএম সাফিউল কিঞ্জল বলেন, গত ২ দিন ধরে নিম্নচাপের কারণে সাগর উত্তাল থাকায় অনেক ট্রলার ডুবি ও জেলে নিখোঁজ হওয়ার ঘটনা শুনেছি। এ খবর পাওয়ার সঙ্গে সঙ্গে কোস্টগার্ডের পক্ষ থেকে পাথরঘাটা, হাতিয়া,

চরফ্যাশন, নিজামপুর, পায়রা পোর্টসহ মোট ৬টি টিম গভীর সমুদ্রে জেলেদের উদ্ধার অভিযানে রয়েছে এবং গতকালও ছিল। আজ শনিবার সকাল ৮টা থেকে এ উদ্ধার অভিযান শুরু হয়েছে যা সারাদিন চলমান থাকবে।

তিনি আরও বলেন, ট্রলার মালিক সমিতি থেকে বলা হয়েছে ৪১টি ট্রলার নিখোঁজ রয়েছে। তবে আমরা ট্রলারের জেলেদের নাম সংগ্রহ করার কাজ করছি। আমাদের কাছে নাম আসছে। এখন পর্যন্ত মোট ১৮২ জন নিখোঁজ জেলের নাম আমাদের হাতে এসেছে।

গাংনীতে কৃষক বাদলের ঘাড় মটকে দিয়েছে প্রতিপক্ষরা

পাট জাগ দেওয়াকে কেন্দ্র করে বাদল হোসেন (৪০) নামের এক দিন মজুর কৃষকের ঘাড় মটকে দিয়েছে প্রতিপক্ষরা।

আহত বাদল হোসেন গাংনী উপজেলার আযান গ্রামের মসজিদপাড়া এলাকার আবু ছদ্দিনের ছেলে।

আজ শনিবার (২০ আগষ্ট) তাকে গাংনী উপজেলা হাসপাতাল থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রফোর্ড করা হয়েছে।

আহত আবু ছদ্দিন জানান, স্থানীয় একটি পুকুরে আমার পাট জাগ দেওয়া আছে। আমার জাগ দেওয়া পাটের উপর বসে একই গ্রামের জেহেল আলী ও মফিজুল ইসলাম পাট জাগ দিচ্ছিল। আমি তাদের নিষেধ করাই আমার উপর হামলা শুরু করে। তারা আমার ঘাড় ধরে মটকে দেই। এসময় আমি মাটিতে পড়ে থাকলে তার উপর কিল ঘুঁষি মেরে আহত করে। আমার চিৎকারে এলাকার মানুষ ছুটে আসলে তারা পালিয়ে যায়। পরে গাংনী উপজেলা হাসপাতালে নিয়ে আসেন।

তার স্বাস্থ্যে অবস্থা খারাপ হওয়ায় উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

উৎসব মুখর পরিবেশে মেহেরপুরে শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন চলছে

ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কাভার্ডভ্যান, ট্রাংকলরি (দাহ পদার্থ ব্যতীত) শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন চলছে।

উৎসব মুখর এই নির্বাচনে সংগঠনের ১ হাজার ৬৪৪ জন ভোটার ভোট প্রয়োগ করবেন।

আজ শনিবার (২০ আগষ্ট) সকাল ৮ টায় ভোটদান শুরু হয়েছে। বিকাল বিকাল ৫ টা পর্যন্ত ভোটদান চলবে।

মোট ১১ টি পদের বিপরীতে ২ টি প্যানেল থেকে ২২ জনসহ মোট ২৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

নির্বাচনে আকিব-শাহজাহান প্যানেলে সভাপতি পদে এস এম আকিব, সাধারণ সম্পাদক পদে শাহজাহান, কার্যকরী সভাপতি বাহাদুর, সহ সভাপতি মাসুদ, সহ সম্পাদক সাইদুল, সাংগঠনিক আক্তার, প্রচার সম্পাদক মানিক, লাইন সম্পাদক তারেক,কোষাধক্ষ্য সোহেল, সদস্য সমসের ও রিপন প্রতিদ্বন্দ্বীতা করেছেন।

অপরদিকে রকেট-বাবু পরিষদে সভাপতি পদে নিজামুল ইসলাম রকেট, সাধারণ সম্পাদক পদে কুতুব উদ্দিন বাবু, কার্যকরী সভাপতি পদে হাফিজুর রহমান, সহ-সভাপতি নুরুল ইসলাম, সহ-সম্পাদক পদে জাহিদুল ইসলাম সাংগঠনিক সম্পাদক মিয়াজান আলী, প্রচার সম্পাদক শহীদুল ইসলাম, লাইন সম্পাদক আল-আমিন হোসেন, কোষাধক্ষ্য কামাল শেখ রিঙ্কু, কার্যকরী সদস্য কাবেল আলী এবং মন্টু।

এদিকে নির্বাহী সদস্য পদের স্বতন্ত্র প্রার্থী হিসাবে রয়েছেন সুমন হোসেন।

নির্বাচন কমিশনার রাহিনুর জামান পলেন বলেন, উৎসবমুখর পরিবেশে

শান্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণ চলছে।এখনও কোনো অপ্রতিকর ঘটনা ঘটেনি। শ্রমিক ইউনিয়নের ভোট হলেও নিরাপত্তার স্বার্থে বাইরে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে।নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

মেহেরপুরে আদালতের পরোয়ানাভূক্ত খালেকুজ্জামান গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত আসামি খালেকুজ্জামান (৫০) গ্রেফতার করেছে।
খালেকুজ্জামান সদর উপজেলার রঘুনাথপুর গ্রামের মৃত আক্কেল আলীর ছেলে।

শুক্রবার দিবাগত রাতে গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়িতে অভিযান চালিয়ে গ্রেফতার করেন। সে আদালতের পরোয়ানাভূক্ত সিআর ২৫৫/২২ পলাতক আসামি।

সদর থানার এএসআই শাকিল খান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। সদর থানার ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ শনিবার (২০ আগষ্ট) বেলা ১১ টার দিকে খালেকুজ্জামানকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

সকল অপশক্তি রুখে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে

দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকাল ৫ টার দিকে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদ চত্বরে অনুষ্ঠিত অনুষ্ঠানে ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাজী আলী আজগার টগর বলেন, জাতীর জনক বঙ্গবন্ধু স্বপ্ন দেখছিলেন, দারিদ্র, ক্ষুধা, নিরক্ষর ও সাম্প্রদায়িক মুক্ত সোনার বাংলাদশের।

আজ বঙ্গবন্ধু আমাদের মধ্যে না থাকলেও তার রেখে যাওয়া স্বপ্ন বাস্তবায়ন হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লক্ষ কোটি বাঙালির হৃদয়ে বেঁচে থাকবেন, তার অবদান কোনদিন ভুলতে পারবো না। তারই সুযোগ্য কন্যা, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পূরন করেছেন বঙ্গবন্ধুর লালিত স্বপ্ন।

১৫-ই আগষ্ট বঙ্গবন্ধুর স্ব-পরিবারে হত্যার পর থেকে এখনো নানা ষড়যন্ত্র চলছে। এ আগষ্ট মাসে বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনাকে ২০০৪ সালে ২১ আগষ্ট হত্যার চেষ্টা করেছিল বিএনপি-জামায়াত। আল্লাহর রহমতে তিনি বেঁচে গেছে। সকল ষড়যন্ত্রকে রুকে দিয়ে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশকে উন্নয়নের রোল মডেল হিসাবে বিশ্বে আজ পরিচিত লাভ করেছে।

আমাদের সকল নেত্রাকর্মীকে সংগঠিত ও সর্তক থেকে শেখ হাসিনার সাথে থেকে কাজ করে যেতে হবে। সকল অপশক্তির বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে এবং দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে।

পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ৫নং ওয়ার্ড আ.লীগ কর্তৃক আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলি মুনছুর বাবু, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আ.লীগের সাধারন সম্পাদক জিয়াবুল হক, আ.লীগ নেতা ও সিএ্যান্ডএফ এ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক বিশিষ্ট ব্যাবসায়ী আতিয়ার রহমান

হাবু, ছোলাইমান হক, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সহ-সম্পাদক আব্দুল মান্নান খান, দর্শনা পৌর যুবলীগের সাধারন সম্পাদক শেখ মোঃ আসলাম আলী তোতা, যুবলীগ নেতা হীরণ, শেখ আসফির রহমান মুন, ইউপি সদস্য খায়রুল বাশার, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগে সভাপতি আরিফ ইসলাম, দর্শনা পৌর ছত্রলীগের সভাপতি ববি, দর্শনা সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি পারভেজ ও সাধারণ সম্পাদক তোফাজ্জের হোসেন তপু, শওকত আলী সুমন সহ ইউনিয়ন আ.লীগের দলীয় নেতাকর্মী ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দরা।